Date of Publication : 1st February, 2012 *Price : Rs. 2*

VOL-1, Issue 9 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*
*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০
**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

প্রথম বর্ষ ঃ নবম স ফেব্রুয়ারী ২০১২ মাঘ - ফাল্গুন ১৪১৮

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ — ১
স্মরণিকা — ২
সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ৩
২০১২ ফেব্রুয়ারী মাসের সাপ্তাহিক
উপাসনার আংশিক কার্যসূচী — ৩
শোক সংবাদ — ৩
নূতন সভ্য সভ্যা — ৪
পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান — ৪
কৃতজ্ঞতা স্বীকার — ৫
বিশেষ আবেদন — ৬

সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033)6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

রাজর্ষি রামমোহন ১৮৩০ খৃষ্টাব্দে, ১১ই মাঘ, ব্রহ্মমন্দির প্রতিষ্ঠার দিনে সমগ্র বিশ্ববাসীকে এক নিরাকার ঈশ্বরের উপাসনায় আহ্বান করেছিলেন। তিনি বলেছিলেন কখনও কোন ব্রহ্ম মন্দিরে কোন ধর্মের যেন নিন্দা করা না হয়। বিশ্বভ্রাতৃত্বের বোধে সবাইকে বাঁধতে চেয়েছিলেন। তাঁর এই আদর্শে আমরা উদ্বুদ্ধ হব। মাঘোৎসবের সার্থকতা আমাদের জীবনে রক্ষা করতে গেলে যেন রাজর্ষির এই বাণী, এই নির্দেশ পালন করি, পরধর্মের সহিষ্ণুতা যেমন অন্তর দিয়ে রক্ষা করব তেমনি উদার অন্তরে সবাইকে ডাকব আমাদের সব উৎসবে। সকলের মিলনেই পরমপিতা তাঁর ভালবাসার ইচ্ছা পূর্ণ করছেন। সবার অনুভূতিতেই যা আছে — হাসি, কান্না, আনন্দ বেদনা - তার সঙ্গে নিজেকে একাকার করার এই প্রয়াস যেন বিরামবিহীন ভাবে আমাদের অন্তরকে প্রতি মুহূর্তে আন্দোলিত করে। সব কর্মযজ্ঞে সবাইকে আহ্বান করব, এই ভাবেই তো হবে দেবতার কাজ। সবার আত্মাহুতিতেই এই কর্মযজ্ঞের অগ্নিশিখা জ্বলুক চিরকাল। দেবতার অভিপ্রায় পূর্ণ হোক। আমাদের মান অভিমানের, অহঙ্কারের অবসান হোক চিরতরে। তিনি এসেছেন, তিনি থাকবেন, শর্ত হল তাঁর দিকে তাকিয়ে আমাদের চিন্তাভাবনা, গতিবিধি, কাজকর্ম, ধ্যান ধারণা, শ্বাসপ্রশ্বাস চলতেই থাকবে। এর কোন বিকল্প সাধন আছে কিনা আমার জানা নেই। রাজাধিরাজ হয়ে আমাদের অন্তর্জগত তিনি অধিকার করে থাকবেন। বহির্জগতে তাঁর পূর্ণ অধিকার আছে, সেখানে আমাদের হস্তক্ষেপ করার, আমাদের অবিশ্বাস করার কোন অবকাশ নেই। অন্তর্জগতে তবে তো আরও বেশী করে তাঁকে পেতে হবে, তাঁকে স্বাধিকার দিয়ে। তাই তাঁর কাছে আমাদের ঐকান্তিক প্রার্থনা— 'হে উৎসব দেবতা, উৎসবে তুমি আমাদের নতুন করে দীক্ষা দিতে চাও। তোমার

চিরন্তন কালের সত্য বিধান হল, আমরা ভূমিষ্ঠ হই পবিত্র অন্তরে - তুমি বল আমাদের পরিচয় হল - সবাই আমরা মানুষ, আমাদের মধ্যে কোন বৈষম্য থাকবে না। শিশুর অন্তরে তোমার এই ভালবাসার শুদ্ধতার প্রকাশ আমরা চিরকালই দেখি - এই হল তোমার পবিত্র স্বরূপের উপলব্ধি।

বড় হওয়ার পরেও আমাদের মধ্যে কোন ভেদাভেদ থাকবে না - এই সত্যেই তোমার দেওয়া মানব প্রেমে আমাদের এবার মগ্ন কর। তুমি যে নীরবে এসে দাঁড়িয়ে আছ, হৃদয়ের দুয়ারে - প্রতীক্ষা করে আছি তোমার সন্তান রাজর্ষির ডাকে বিশ্বভ্রাতৃত্ববোধের অনুভূতিতে আমাদের অন্তর পূর্ণ হল কিনা। যদি তা না হয়, এসো, এসো তুমি হৃদয়ের দুয়ার ভেঙে, ধ্বংসকরে দাও আমাদের অহঙ্কার, অভিমান, স্বার্থান্ধতার প্রাচীর। দীনতায় ভরে উঠুক আমাদের অন্তর। প্রার্থনায় ডুবিয়ে রাখ, বলব মন প্রাণ ভরে তোমার প্রিয় সন্তানে

"তোমার চরণ ধুলায় ধুলায় ধুসর হব
ঐ আসন তলে মাটির পরে লুটিয়ে রব।"

তুমি হৃদয়ের রাজা, আমরা রাজসন্তান - এই অধিকার থেকে পৃথিবীর কোন মানুষ কোনও দিন বঞ্চিত হবে না। নতুন প্রজন্ম তোমার দেওয়া এই অধিকারে তোমার পৃথিবীকে সুন্দর করবে তোমার ভালবাসা দিয়ে। উৎসবে আমাদের আন্তরিক প্রার্থনা - হে প্রভু আমাদের বরণ করছ নতুন প্রেমের আলোয়, যে প্রেমের শিখা চিরন্তন কাল জ্বলবে তোমার দেওয়া পবিত্রতার ধারায়। যেমন প্রদীপের আলো জ্বলে তেলের সাহায্যে। তখন দেখব তোমার আনন্দের রূপ, ঋষির মন্ত্র "আনন্দরূপম অমৃতম" চিরন্তন কালের জন্য সত্য হয়ে উঠুক। তুমি এই সত্য বাণী যে শুনিয়েই চলেছ যা হল তোমার অভয় মন্ত্র — তুমি আমাদের ছেড়ে চলে যাবে না, তোমার সঙ্গে আমাদের প্রত্যেকের নিবিড় প্রেম চির অক্ষয় হোক — তোমার ওপর বিশ্বাস নির্ভরতা ও তোমার মঙ্গল ইচ্ছার পরিপূর্ণতার প্রসাদে - অসত্য থেকে সত্যে, অন্ধকার থেকে আলোয়, মৃত্যু থেকে অমৃতে যাওয়ার এই শাশ্বত প্রার্থনা অবিরাম ধ্বনিত হোক অন্তরে। এই প্রার্থনায় তোমার ইচ্ছা পূর্ণ হোক। নিয়ে চল সেই ভালবাসার পথে-যে পথ সুগম হয়ে ওঠে তোমার দেওয়া মঙ্গল পাথেয় দিয়ে- তা হল ক্ষমা, দয়া, ধৈর্য, সহনশীলতা, অধ্যবসায়, সাহস, মনোবল ও সর্বোপরি তোমার ওপর নির্ভরতা।

উৎসবের সার্থকতা আসুক পূর্ণ শান্তির মধ্য দিয়ে। বারবার আকুল হয়ে বিশ্ব কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে সঙ্গীতে অমাদের আকুল প্রাণের আবেদন জানিয়ে বলি —

" কেন এ হিংসাদ্বেষ, কেন এ ছদ্মবেশ, কেন এ মান অভিমান
বিতর বিতর প্রেম পাষাণহৃদয়ে জয় জয় হোক তোমারি।।
বরিষ ধরা মাঝে শান্তির বারি"।

— শ্রীসঞ্জীব মুখার্জি

---

—ঃ স্মরণিকা ঃ—

**মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি**

| | | |
|---|---|---|
| ১লা ফেব্রুয়ারী (১৯০০) | — | আচার্য ননীভূষণ দাসগুপ্তের ১১২ তম জন্মদিবস। |
| ২রা ফেব্রুয়ারী (১৮২২) | — | সোফিয়া ডব্‌সন্ কলেটের ১৯০ তম জন্মদিবস। |
| ৬ই ফেব্রুয়ারী (১৮১১) | — | ডঃ কালিদাস নাগের ১২১ তম জন্মদিবস। |
| ১৫ই ফেব্রুয়ারী (১৯৫৬) | — | রজনীকান্ত দাসের ৫৬ তম তিরোধান দিবস। |
| ১৭ই ফেব্রুয়ারী (১৮৯৯) | — | কবি জীবনানন্দ দাশের ১১৩ তম জন্মদিবস। |

১৮ই ফেব্রুয়ারী (১৭৮৬) — পণ্ডিত রামচন্দ্র বিদ্যাবাগীশের ২২৬ তম জন্মদিবস
১৮ই ফেব্রুয়ারী (১৮৩৬) — শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের ১৭৬ তম জন্মদিবস।

—ঃ ২০১২ ফেব্রুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

| | | | |
|---|---|---|---|
| রবিবার ৫ই ফেব্রুয়ারী ২০১২ | — | আচার্য | - শ্রীঅর্ঘ্য ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ১২ই ফেব্রুয়ারী ২০১২ | — | আচার্য | - শ্রীসঞ্জীব মুখার্জি |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |
| রবিবার ১৯শে ফেব্রুয়ারী ২০১২ | — | আচার্য | - শ্রীমতী সুতপা রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |
| রবিবার ২৬শে ফেব্রুয়ারী ২০১২ | — | আচার্য | - ডাঃ শুচিতা দেব |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

২০১২ মার্চ মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

| | | | |
|---|---|---|---|
| রবিবার ৪ঠা মার্চ ২০১২ | — | আচার্য | - শ্রীরাজকুমার বর্মণ |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ১১ই মার্চ ২০১২ | — | গীতাঞ্জলির শতবর্ষ উপলক্ষে বিশেষ উপাসনা | |
| সন্ধ্যা ৬-৩০ ট | | আচার্য | - ডঃ অমিতাভ খাস্তগীর |
| | | সঙ্গীত | - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

—।। শোকসংবাদ ।।—

বিগত ২০শে জুলাই ২০১০, পরলোকগত এ. সি. ব্যানার্জী ও পরলোকগতা প্রভা ব্যানার্জীর পুত্র এবং পরলোকগতা অনিতা ব্যানার্জীর স্বামী **মিলন কুমার ব্যানার্জী** ৮০ বছর বয়সে পরলোকগমন করেন। বিগত পঞ্চাশ বছর যাবৎ প্রয়াত মিলন কুমার ব্যানার্জী ভারতবর্ষের একজন বিদগ্ধ আইনজ্ঞরূপে স্বীকৃতিলাভ করেছিলেন। তিনি প্রধানমন্ত্রী নরসিংহ রাও এবং প্রধানমন্ত্রী মনমোহন সিংহের সময় দুইবার ভারতের এ্যাটর্নি জেনারেলের পদ অলংকৃত করেন (১৯৯২ - ১৯৯৬ এবং ২০০৪ - ২০০৯)। এলাহাবাদ হাইকোর্ট, কলকাতা হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টে বহু বিতর্কিত ও আইনি জটিলতাপূর্ণ বিষয়ে সুচিন্তিত মত প্রদান করে তিনি নিজের স্বচ্ছ ও স্বাধীন চিন্তাধারার পরিচয় দিয়েছিলেন।

বিগত ২৪শে মে, ২০১১ লণ্ডনের Lincoln's Inn Chapel এ Reverend Canon William Norman ও Reverend Feargus O' Connor এবং শ্রীযুক্তা মঞ্জু চৌধুরীর পরিচালনায় পরলোকগত মিলন কুমার ব্যানার্জীর স্মৃতির উদ্দেশ্যে একটি অনুষ্ঠান আয়োজিত হয়। সেখানে বহু বিশিষ্ট ব্যক্তি যোগদান করেছিলেন।

বিগত ৫ই ডিসেম্বর সোমবার ২০১১ প্রয়াত ফটিক চট্টোপাধ্যায় ও প্রয়াতা তারকেশ্বরী দেবীর কন্যা, প্রয়াত নবেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায়ের পত্নী এবং শ্রীমতী শ্রীলতা গুপ্ত, শ্রীনিত্যেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় ও ডাঃ শুচিতা দেবের মাতা **শ্রীমতী পান্না**

বন্দ্যোপাধ্যায় ৮৬ বছর বয়সে গিরিডিতে পরলোকগমন করেছেন।

বিগত ২৫শে ডিসেম্বর ২০১১ প্রয়াতা জ্ঞানাঙ্কুর দে ও প্রয়াতা উমা দের কন্যা, প্রয়াত অনুপম সেনের পত্নী এবং শ্রী সুদীপ্ত দাস ও প্রয়াত রঞ্জিতা বসুর মাতা শ্রীমতী বিনীতা সেন কলকাতায় ৮৬ বছর বয়সে পরলোকগমন করেছেন।

বিগত ১১ই জানুয়ারী ২০১১ প্রয়াত দেবদাস সেন ও শ্রীমতী মঞ্জুশ্রী সেনের কন্যা, শ্রীঅভিজিৎ দাসের পত্নী এবং শ্রীমতী ইপ্সিতা দাসের মাতা শ্রীমতী নন্দিনী দাস ৬০ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

প্রার্থনা করি বিদেহী আত্মা পরম জননীর স্নেহময় ক্রোড়ে চিরশান্তি লাভ করুন। শোকার্ত পরিবার-পরিজনদের শোকসন্তপ্ত হৃদয়ে তাঁদের এই অপূরণীয় ক্ষতি ও গভীর শোকে আন্তরিক সমবেদনা ও সান্ত্বনা জ্ঞাপন করি।

---

## —।। নূতন সভ্য - সভ্যা ।।—

বিগত ১৪ই জানুয়ারী ২০১২ সমাজের কার্যকরী সভায় গৃহীত অনুমোদন অনুসারে শ্রীমতী খুকু রায় বার্ষিক চাঁদা ১০০ টাকা ও নিজস্ব চাঁদা তহবিলে (MOS Fund) ১০০০ টাকা (রসিদ নং ৫৭৬ ও ৫৭৫) প্রদান করে নূতন সভ্যা নির্বাচিত হয়েছেন।

নূতন সভ্যাকে আমরা সাদর অভ্যর্থনা জানাই।

---

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**স্মরণানুষ্ঠান ঃ**

শ্রীযুক্ত শরদিন্দুমোহন গঙ্গোপাধ্যায়ের সহধর্মিনী পরলোকগতা অঞ্জলি গঙ্গোপাধ্যায়ের দ্বিতীয় প্রয়াণবার্ষিকী (৮.১১.১১) উপলক্ষ্যে তাঁদের যাদবপুরস্থ বাসভবনে আত্মীয় বন্ধু ও পরিবারস্থ সকলে মিলিত হয়েছিলেন। প্রার্থনা ও সঙ্গীতে সন্ধ্যাটি ভাবগম্ভীর হয়ে উঠেছিল। শরদিন্দুমোহনের ভ্রাতুষ্পুত্র শ্রীপ্রসূন গঙ্গোপাধ্যায় "শ্রদ্ধায় স্মরণ" পুস্তকটি থেকে পাঠ করেন। ভ্রাতুষ্পুত্রী শ্রীমতী অলকা দত্ত, ভ্রাতুষ্পুত্রবধূ শ্রীমতী মিতালী ও শ্রীমতী সংযুক্তা গঙ্গোপাধ্যায় ব্রহ্মসঙ্গীত পরিবেশন করেন। অঞ্জলি গঙ্গোপাধ্যায়ের ছাত্রী শ্রীমতী কাবেরী ঘোষ তাঁর কাছ থেকে শেখা গান গেয়ে শোনান। শ্রীশরদিন্দুমোহন তাঁর স্ত্রীর লেখা কিছু কবিতা পাঠ করে শোনান। তাঁর বৌদি শ্রীযুক্তা সুধীরা গঙ্গোপাধ্যায়ের ভদ্রেশ্বর থেকে তাঁর জা অঞ্জলি গঙ্গোপাধ্যায়ের সম্পর্কে লিখে পাঠানো স্মৃতিচারণটি পাঠ করেন শ্রীপ্রসূন গঙ্গোপাধ্যায়। ঈশ্বর বিদেহী আত্মাকে শান্তি দিন।

**জন্মশতবার্ষিকী ঃ**

শ্রীমতী সুতপা বসু, শ্রীসুরজিৎ ঘোষ এবং শ্রীমতী জয়তী গুপ্তের পিতা প্রয়াত নির্ম্মলচন্দ্র ঘোষের শততম জন্মবার্ষিকী পালন করা হয় ৪ঠা জানুয়ারী ২০১২ খৃষ্টাব্দে। প্রার্থনা করেন শ্রীমতী ইন্দ্রানী পাল এবং সঙ্গীত পরিবেশনায় ছিলেন শ্রীমতী সুরচিতা বসু, শ্রীমতী দেবযানী মজুমদার এবং শ্রীসুবীর পাল।

স্মৃতিচারণ করেন দৌহিত্র শুভজয় গুপ্ত, ভাগিনেয় শ্রীআশীষ দাসগুপ্ত, শ্রীকৃষ্ণদাস বসু, ভগিনী শ্রীমতী লক্ষ্মী বসু, জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী সুতপা বসু এবং শ্রীমতী ইন্দ্রানী পাল।

**শ্রাদ্ধানুষ্ঠান ঃ**

বিগত ২৪শে ডিসেম্বর শনিবার ২০১১ বিকেল ৫.০০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা শ্রীনন্দা দত্তগুপ্তের (সিংহ) স্মরণানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীমতী শ্রাবন্তী ও শ্রীঅরিন্দম বন্দ্যোপাধ্যায়। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন ডঃ সুনন্দ রায়, ডঃ সুমনা রায় ও শ্রী কল্যাণ কুমার দাসগুপ্ত। শ্রীশান্তনু সেন প্রয়াতা শ্রীনন্দা দত্তগুপ্তের (সিংহ) স্মরণে লিখিত পত্র পাঠ করেন।

বিগত ২৫শে ডিসেম্বর রবিবার ২০১১ সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা আরতি রায়ের আদ্য শ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি। সঙ্গীত পরিবেশন করেন শ্রীশংকর প্রসাদ মিত্র, শ্রীমতী দীপা

রায়, শ্রীমতী রীণা দোলন গঙ্গোপাধ্যায় ও শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন কনিষ্ঠ পুত্র শ্রীরামেন্দ্রসুন্দর রায়।

বিগত ৩১শে ডিসেম্বর রবিবার ২০১১ সকাল ১০.০০ টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা বিনীতা সেনের আদ্য শ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি। সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী শুক্লা দাসগুপ্ত, অনন্যা চ্যাটার্জী, মানসী চ্যাটার্জী, দেবাশিষ বসু ও উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়।

বিগত ২২শে জানুয়ারী রবিবার ২০১২ সকাল ১০.৩০ টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা নন্দিনী দাসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীপ্রণব রায়। সঙ্গীত পরিবেশন করেন শ্রীযশোপ্রকাশ চট্টোপাধ্যায়, শ্রীদেবাশীষ বসু, শ্রীমতী শুক্লা দাসগুপ্ত, শ্রীমতী মৌসুমী চ্যাটার্জী ও শ্রীমতী মানসী চ্যাটার্জী। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীঅভিজিৎ দাস (স্বামী), শ্রীমতী ইপ্সিতা দাস (কন্যা), শ্রীমতী শান্তা সেন ও শ্রীসুবীর সেনরায়।

বিগত মাসের প্রথম ও দ্বিতীয় রবিবারের সাপ্তাহিক উপাসনায় যথাক্রমে শ্রীমতী সুতপা রায়চৌধুরী ও শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী মানসী চ্যাটার্জী, দ্বিতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী অঞ্জনা গুহ, উদিতা রায়, মৃদুলা ব্যানার্জী, মধুশ্রী ব্যানার্জী, শ্যামলী সেনগুপ্ত, খুকু রায়, সুস্মিতা নাথ, অনুরমা ভট্টাচার্য, নূপুর নন্দী, শ্রীচন্দ্রা ব্যানার্জী, অবন সাহা, জহর ব্যানার্জী, শঙ্কর প্রসাদ মিত্র, মলয় দাস, অভীক ঘোষ, উজ্জ্বল ব্যানার্জী।

---

## —ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—

**সাধারণ ফণ্ড ঃ** ডঃ অর্চনা ব্যানার্জী ও শ্রীমতী নন্দিতা ব্যানার্জী — ১০০ টাকা (র/নং ২৬৬২); শ্রীদিব্যেন্দু সিন্‌হা — ১০০০ টাকা (র/নং ২৬৬৩); শ্রীবরেন্দ্র কুমার তালুকদার ও শ্রীমতী গীতাঞ্জলী তালুকদার — ২০০০ টাকা (র/নং ২৬৬৮); শ্রীগৌতম সরকার (প্রয়াত পিতা সুধীন্দ্রনাথ সরকার ও প্রয়াতা মাতা মাধুরী সরকারের স্মৃতির উদ্দেশ্যে) — ২০০০ টাকা (র/নং ২৬৭৮); শ্রীসুরজিৎ দাসগুপ্ত (পুত্র শ্রীশুভজিৎ দাসগুপ্তের শুভবিবাহ উপলক্ষে)— ১৫০০ টাকা (র/নং ২৬৮০); শ্রীমতী সুতপা রায়চৌধুরী (প্রয়াত অমল হোম ও প্রয়াত অজয় হোমের স্মৃতিতে) — ৫০০ টাকা (র/নং ২৬৮৫); শ্রীকৌশিক দাস (প্রয়াত পিতা সুস্মিত দাসের শ্রাদ্ধানুষ্ঠান উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং ২৬৮৭)

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীপ্রসূন গাঙ্গুলী (প্রয়াতা বিনীতা সেনের আদ্যশ্রাদ্ধ (২৫/১২/১১) উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬৬৭); শ্রীমতী সোনালী সরকার (প্রয়াত ক্ষিতীন্দ্র নাথ সরকারের আদ্যশ্রাদ্ধ (০৭/০১/১২) উপলক্ষে)— ১৫০ টাকা (র/নং ২৬৬৯); ডঃ মধুশ্রী ঘোষ ও শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য (প্রয়াতা মাতা সুপ্রভা রায়ের জন্ম শতবর্ষ পূর্তি উপলক্ষে) — ৫০০ টাকা (র/নং ২৬৭৯); শ্রীঅভিজিৎ দাস (প্রয়াতা নন্দিনী দাসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠান (২২/০১/১২) উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬৮৫)।

**ট্রাস্ট ফণ্ডে সংযোজন ঃ অশোকরঞ্জন দাসগুপ্ত ট্রাস্ট ফণ্ড ঃ** শ্রীমতী শ্যামলী দাসগুপ্ত (দাতব্য হোমিও চিকিৎসালয়ের উদ্দেশ্যে) — ১০,০০০ টাকা (র/নং ২৬৫৯)।

**মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ড ঃ** শ্রীসঞ্জয় দেব ও শ্রীমতী মিত্রা দেব (প্রয়াতা শান্তা দেবের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে) — ২৫০০ টাকা (র/নং ২৬৬০); ডঃ মধুশ্রী ঘোষ ও শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য (প্রয়াতা মাতা সুপ্রভা রায়ের জন্ম শতবর্ষ পূর্তি উপলক্ষে) — ২০০০ টাকা (র/নং ২৬৭৯); শ্রীমিহির দাস — ২০০০ টাকা (র/নং ২৬৮৮)।

**নৈশ বিদ্যালয় ফণ্ড ঃ** ডঃ মধুশ্রী ঘোষ ও শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য (প্রয়াতা মাতা সুপ্রভা রায়ের জন্ম শতবর্ষ পূর্তি উপলক্ষে) — ২০০০ টাকা (র/নং ২৬৭৯); শ্রীমিহির দাস — ২০০০ টাকা (র/নং ২৬৮৮)।

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীমিহির দাস — ২০০০ টাকা (র/নং ২৬৮৮)।

**লাইব্রেরী ফণ্ড ঃ** ডঃ মধুশ্রী ঘোষ ও শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য (প্রয়াতা মাতা সুপ্রভা রায়ের জন্ম শতবর্ষ পূর্তি উপলক্ষে) — ৫০০ টাকা (র/নং ২৬৭৯)।

**১৮২ তম মাঘোৎসব ফণ্ড ঃ** শ্রীসঞ্জয় দেব ও শ্রীমতী মিত্রা দেব (প্রয়াতা শান্তা দেবের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে) — ২৫০০ টাকা (র/নং ২৬৬১); শ্রীমতী শুভ্রা রায় — ২০০০ টাকা (র/নং ২৬৬৪); ডাঃ অরুণ কুমার দাস — ১০০ টাকা (র/নং ২৬৬৫); ডঃ অরুণ কুমার মিত্র — ৫০০০ টাকা (র/নং ২৬৭০); শ্রীপ্রসূন রায় — ৫০০ টাকা (র/নং ২৬৭৭); শ্রীমতী পারমিতা বিশ্বনাথন — ৫০০ টাকা (র/নং ২৬৮২); শ্রীতপন কুমার মুখার্জি — ১০০ টাকা (র/নং ২৬৮৩); শ্রীমতী রত্না মিত্র — ৫০০০ টাকা (র/নং ২৬৮৪)।

**১৮২ তম মাঘোৎসব স্মারকগ্রন্থ বিজ্ঞাপন ঃ** Washabarie Tea Co. Pvt. Ltd. — Rs. 2250/- (R/No. 2672); M/s. Mohurgonj & Gulma Tea Estate — Rs. 2250 (R/No. 2673); Sri Pradip Kumar Banerjee & Sm. Tultuli Banerjee — (Ord. Full Page) — Rs. 3000/- (R/No. 2674); Mrs. Ranjana Roy and Mr. Aniruddha Roy (Ord. Qtr. Page) — Rs. 1000/- (R/No. 2675); M/s. Diamond Beverages (P) Ltd. (Inside Back Cover) — Rs. 4000/- (R/ No. 2676); M/s. Universal Drug House (Qtr. Page) Rs. 1000/- (R/No. 2681).

এই সকল সহৃদয় দান ও সাহায্যের জন্য সকল দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। করুণাময় ঈশ্বর এঁদের সকলের মঙ্গল বিধান করুন এবং এই সকল দান সার্থক হোক।

**ভ্রম সংশোধন ঃ** বিগত ডিসেম্বর ২০১১ ব্রাহ্ম সম্মিলন বার্তায় শোকসংবাদ বিভাগে শ্রীরমেন্দ্রসুন্দর রায়ের মাতা শ্রীমতী আরতি রায়ের পরিবর্তে পিতা মুদ্রিত হয়েছে; শ্রাদ্ধানুষ্ঠান বিভাগে প্রয়াতা রমা রায়ের শ্রাদ্ধানুষ্ঠানে ২৩শে অক্টোবর তারিখের সহিত শনিবার কথাটি ভুল বশতঃ অতিরিক্ত মুদ্রিত হয়েছে। এই সকল মুদ্রণ প্রমাদের জন্য আমরা দুঃখিত।

## —।। বিশেষ আবেদন ।।—

## ।। ভবানীপুর চ্যারিটেবল হোমিওপ্যাথিক হাসপাতাল ।।

ব্রাহ্ম সম্মিলন সমাজের অন্তর্গত এই জনকল্যাণমূলক সংস্থাটি দীর্ঘ ৬৬ বছর ধরে অতি নিষ্ঠার সঙ্গে দুঃস্থ, অসুস্থ, পীড়িত মানুষদের বিনামূল্যে চিকিৎসা ও ওষুধ বিতরণ করে আসছে। সমাজের সহানুভূতিশীল সদস্য ও শুভানুধ্যায়ীদের অর্থিক সাহায্য ও চিকিৎসালয়ের সদস্যদের চাঁদা ও আনুকূল্যে এই সেবার কাজ সম্পন্ন হচ্ছে। এর সেবা কার্য আরো উন্নত করা ও বেশি মানুষের মধ্যে আরো প্রসারিত করার সময় এসেছে। বর্তমানে অর্থাভাবে এর পরিচালন কার্য বিঘ্নিত হচ্ছে। অবিলম্বে আপনাদের কাছ থেকে অর্থ সাহায্য প্রয়োজন।

কালের নিয়মে এখন প্রবক্তারা অনেকেই প্রয়াত তাই এই কাজের দায়িত্ব নতুনদের নিতে হবে। সকল সহৃদয় মানুষের কাছে বিশেষ করে নবীনদের কাছে এই প্রতিষ্ঠানটির সদস্যপদ গ্রহণ করে সক্রিয় অংশ গ্রহণ করার জন্য আহ্বান জানাই।

বিগত বার্ষিক সাধারণ সভার অনুমোদনক্রমে ১লা এপ্রিল ২০০৬ থেকে এর বার্ষিক চাঁদা বর্দ্ধিত করে ৫০্ টাকা এবং এককালীন ন্যূনতম ৫০০ টাকা (সদস্যের নিজস্ব চাঁদা তহবিল (MOS Fund) করা হয়েছে। যাঁরা ৩০০্ টাকা দিয়ে MOS Fund খুলেছিলেন তাঁরা আরো ২০০্ টাকা বা তার অধিক দিয়ে এই ফণ্ডটি বর্দ্ধিত করতে পারেন।

সকলের শুভ কামনা ও সহযোগিতা কামনা করি।

| | | |
|---|---|---|
| সন্দীপ কুমার বসু | ডাঃ অরুণকুমার মিত্র | সুনন্দিতা সেনগুপ্ত |
| কোষাধ্যক্ষ | সভাপতি | সম্পাদিকা |

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out fcr Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.